গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
প্রকিউরমেন্ট ইউনিট
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
**www.lged.gov.bd**

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৬৯৪ তারিখঃ ২৬/১১/২০২৪খ্রিঃ

১। প্রকল্প পরিচালক (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। নির্বাহী প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৩। উপজেলা প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

**বিষয়ঃ দরপত্র মুল্যায়নের সময় Tender Capacity নির্ণয় প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে, আদর্শ দরপত্র দলিল e-PW3 ব্যবহার করে কার্য ক্রয়ের জন্য আহবানকৃত দরপত্রের ক্ষেত্রে কোন কোন দরদাতা Tender Capacity নির্ণয়ের জন্য প্রয়োজনীয় চলমান কাজের তথ্যাদি সম্পূর্ণরূপে প্রদান করছেন না। ফলে, ত্রুটিপূর্ণ মূল্যায়নের ঝুঁকি থেকে যাচ্ছে; যা কাম্য নয়। এর প্রেক্ষিতে, দরপত্রে অংশগ্রহনকারী দরদাতাগণ Tender Capacity নিরূপণের লক্ষ্যে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলে সমর্থ হয়েছেন কি না তা যাচাই করা যেতে পারে। উল্লেখ্য, ই-জিপি সিস্টেমে সহজেই কোন দরদাতার স্বাক্ষরিত চুক্তির তথ্যাদি পাওয়া যায় (e-GP System এর Homepage এ ডানপাশে eTenders Dropdown এ eContracts এনে Advance Search এ Click করে Contract Award To এর ঘরে সংশ্লিষ্ট দরদাতার নাম লিখে Search করলে পাওয়া যাবে)। এই তথ্যাদির সাথে দরদাতার প্রদত্ত তথ্য মিলিয়ে দেখা যেতে পারে। যদি কোন দরদাতা সন্দেহাতীতভাবে Tender Capacity নিরূপণের লক্ষ্যে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলে ব্যর্থ হন, সেক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৯৮(১৫)(ক), বিধি ৪৯(১)(খ)(ঈ) এবং সংশ্লিষ্ট দরপত্র দলিলের ITT Clause No. 31.3 অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি সেই দরদাতার দরপত্রের বিষয়ে প্রয়োজনীয় বিধিসম্মত ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

এমতাবস্থায়, মূল্যায়নের ক্ষেত্রে এই বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট সকল মূল্যায়ন কমিটিকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

২৬/১১/২৪

**(নজরুল ইসলাম)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৪৪৮২৬২১৯
ই-মেইলঃ se.procurement@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। সিনিয়র সহকারী প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/জেলা।
৪। সহকারী প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/জেলা।